# গ্যাস সংকট কাটাতে দুই বছর সময় লাগতে পারে: বাণিজ্যমন্ত্রী



বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল। ছবি: সংগৃহীত

দেশের চলমান গ্যাস সংকট পুরোপুরি কাটিয়ে উঠতে প্রয়োজনীয় অবকাঠামো গড়ে তুলতে প্রায় দুই বছর সময় লাগতে পারে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির।

শনিবার (১৫ আগস্ট) দুপুরে সিলেটে একটি কর্মশালা শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা জানান।

বাণিজ্যমন্ত্রী বলেন, দেশে জ্বালানি সংকটের বিষয়টি সরকার গুরুত্বের সঙ্গে দেখছে। পরিস্থিতি মোকাবিলায় প্রয়োজনীয় অবকাঠামো গড়ে তুলতে সময় প্রয়োজন। তাই সংকট থেকে স্থায়ীভাবে বের হতে সংশ্লিষ্ট কাজগুলো শেষ করার জন্য পর্যাপ্ত সময় দিতে হবে।

তিনি আরও বলেন, বর্তমান জরুরি পরিস্থিতি সামাল দিতে সরকার প্রচলিত পদ্ধতির বাইরে গিয়ে বিভিন্ন উদ্যোগ নিচ্ছে। একই সঙ্গে জ্বালানি সরবরাহ স্বাভাবিক রাখতে মালয়েশিয়া থেকে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানির বিষয়েও চেষ্টা চলছে।

LENS ASIA